

অমৃতবাণী

আল্লাহ তা'লার মৌলিক গুণাবলী

হযরত ইমাম মাহদী (আ.)

খোদা তা'লার উচ্চ মর্যাদার মৌলিক গুণ চারটি। এই গুণগুলি হচ্ছে অন্য গুণাবলীর জননী- উম্মুস্ সেফাত এবং প্রত্যেকটি গুণ আমাদের মানবীয়তা বা বাশারিয়্যত-এর কাছে এক চাহিদা রাখে। উক্ত চারটি গুণ হচ্ছে: রবুবিয়্যত, রহূমানিয়্যত, রহীমিয়্যত এবং মালিকিয়্যত ইয়াওমেদ্দীন।

(১) রবুবিয়্যত: (প্রভুত্ব ও প্রতিপালকত্ব): এই গুণ আপন কৃপা ও কল্যাণরাজি প্রকাশিত করার জন্য নাস্তি (Nothingness)- অথবা নাস্তি-সদৃশ অবস্থার চাহিদা রাখে। এবং সৃষ্টির সমস্ত কিছুই- তা সে জড় হোক আর প্রাণী হোক- সবই এরই কারণে অস্তিত্ব লাভ করে।

(২) রহূমানিয়্যত: (অসীম ও অযাচিত দানশীলতা): এই গুণ আপন কৃপা ও কল্যাণময়তা প্রকাশিত করার জন্য নিরংকুশ নাস্তির চাহিদা রাখে। অর্থাৎ, সম্পূর্ণ সেই নাস্তিত্বের- যার সময়ে অস্তিত্বের কোন প্রভাব ও প্রকাশ হবে না। এবং এর যে সম্পর্ক তা শুধু প্রাণিকুলের সঙ্গে, অন্য আর কিছুর সঙ্গে নয়।

(৩) 'রহীমিয়্যত': (বার বার প্রতিফল দানকারী পরম দয়াময়): এই গুণ আপন কৃপা ও কল্যাণ সমূহ প্রকাশিত করার জন্য যুক্তি-বুদ্ধি সম্পন্নদের কাছ থেকে নাস্তিত্ব ও অনাস্তিত্বের একরার বা স্বীকৃতির চাহিদা রাখে এবং এ শুধু মানুষের সঙ্গেই সম্পর্কযুক্ত।

(৪) 'মালিকে ইয়াওমেদ্দীন': (বিচার-দিবসের অধিপতি): এই গুণ আপন কৃপা ও কল্যাণরাজি প্রকাশিত করার জন্য অতি বিনীত প্রার্থনা ও কাকুতি-মিনতির চাহিদা রাখে। এই গুণ কেবল সেই সকল মানুষের সঙ্গে সম্পর্ক রাখে যারা ভিখারীদের ন্যায় সেই এককত্বের (সেই এক খোদার) আস্তানায় লুটিয়ে পড়ে এবং কৃপা ও করুণা প্রাপ্তির আশায় সততা ও আস্তরিকতার আঁচল পেতে রাখে। এবং নিজেদেরকে খালি হাত অবস্থায় দেখেই তাঁর মালিকত্বের (মালিকিয়্যতের) প্রতি ঈমান আনে।

এই হচ্ছে সেই মৌলিক চারটি গুণ যা দুনিয়াতে ক্রিয়াশীল রয়েছে। এর মধ্যে রহীমিয়্যত-এর যে গুণ তা প্রার্থনা করতে বলে, এবং মালিকিয়্যত-এর গুণ ভয় ও ভ্রাসের আগুনে দহন করে করে নির্মল বিনয়ের জন্ম দেয়। কেননা, এই গুণ থেকে এটাই প্রমাণিত হয় যে, খোদা তা'লা পুরস্কার দান করার মালিক, এবং কারো কোন অধিকার বা হক্ক নেই যে, দাবী করেই সে কোন কিছু আদায় করে নিবে এবং মাগফেরাতর ও নাজাত বা ক্ষমা ও পরিত্রাণও কেবল তাঁর ফযল বা অনুগ্রহেই সম্ভব'। (আইয়ামুস্ সুলেহ্ পৃ. ১৩-১৪)

[আহমদীয়া মুসলিম জামাত, বাংলাদেশ কর্তৃক প্রকাশিত আল্লাহ ও তাঁর গুণাবলী পুস্তক, পৃ. ২৮-২৯ থেকে উদ্ধৃত]